

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১২.১১.০৩৬.২১- ৬৮৩

তারিখঃ ২২ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
০৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৫১.১১.০০১.২০.১০, তারিখ: জানুয়ারি, ২০২১ এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের ৫৭.০৩.০০০০.০১২.১১.০৩৬.২১- ৫০২, তারিখ: ৩০ জুন, ২০২১ নম্বর নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে স্থায়ী রাজস্বখাতভুক্ত **ক্যাশিয়ার পদে** জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ১৬তম গ্রেডের টাকা **৯৩০০-২২৪৯০/-** বেতনক্রমে এবং সরকার অনুমোদিত অন্যান্য সুবিধাদিতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

ক্রঃ নং	প্রার্থীর রোল নং	প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম এবং জন্ম তারিখ	স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত প্রতিষ্ঠানের নাম
১.	২৫০০০৪৫৪	জনাব সজীব হোসাইন পিতাঃ আব্দুল মজিদ মাতাঃ হালিমা বেগম জন্ম তারিখঃ ২৩/১০/১৯৯২খ্রিঃ	গ্রামঃ ছোট ফাউসা ডাকঘরঃ ফাউসা বাজার উপজেলাঃ আড়াইহাজার জেলাঃ নারায়নগঞ্জ	ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট
২.	২৫০০০২৬৬	জনাব মোঃ শাহ আলম পিতাঃ মোঃ বজলু সরকার মাতাঃ মোছাঃ শেফালী খাতুন জন্ম তারিখঃ ০৭/১০/১৯৯৮খ্রিঃ	গ্রামঃ বারই টেপারী ডাকঘরঃ নরিনা উপজেলাঃ শাহাজাদপুর জেলাঃ সিরাজগঞ্জ	কারিগরি শিক্ষা অধিদপ্তর

২. এ আদেশ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

৩. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

শর্তসমূহঃ

- সরকারি বিধি মোতাবেক চাকুরীতে তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।
- যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক ডোপটেন্টসহ স্বাস্থ্য পরীক্ষার সনদের মূলকপি জমা প্রদান করতে হবে।
- সন্তোষজনক পুলিশ ডেরিফিকেশন রিপোর্ট প্রাপ্তির পর “কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০” এর বিধি ৬ এর (৩)(ক) ও (৫) মোতাবেক চাকুরী স্থায়ী করা হবে।
- পুলিশ ডেরিফিকেশন রিপোর্টে কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে এবং প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য পরবর্তীতে অসত্য/ভূয়া প্রমাণিত হলে অথবা নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে নিয়োগ যোগ্যতার সাথে শিক্ষাগত যোগ্যতা সংগতিপূর্ণ না হলে “কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০” এর বিধি ৬ এর (১)(ক), ২(ক) এবং ৩(খ) এর (অ) মোতাবেক তার নিয়োগ আদেশ বাতিল হবে।
- নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ বিষয়সমূহে সরকারের প্রচলিত আদেশ এবং বিধি-বিধান প্রযোজ্য হবে।
- নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ১৬ সেপ্টেম্বর, ২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ে নিয়োগকৃত প্রতিষ্ঠান প্রধানের নিকট যোগদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে তার এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- যোগদানকালে প্রার্থীকে অবশ্যই চাকরির আবেদনপত্র (Applicant's Copy), প্রবেশপত্র, ০২ (দুই) কপি রশ্মিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, নাগরিকত্ব সনদ, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, প্রাধিকার কোটায় সুপারিশকৃত প্রার্থীদের প্রাধিকার কোটার স্বপক্ষে (এতিম/প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র-নৃগোষ্ঠী এবং আনসার-ভিডিপি) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি জমা দিতে হবে।
- চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

স্বাক্ষরিত/-

(মোঃ মাহমুদুল হক)


যুগ্ম সচিব

ও

পরিচালক (পলিটেকনিক/পিআইডব্লিউ)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (কারিগরি)/ প্রশাসন ও উন্নয়ন, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নয়ন/ভোকেশনাল/পিআইডব্লিউ/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. উপমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অধক্ষ, -----, পলিটেকনিক ইনস্টিটিউট-----।
৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, -----।
১০. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----।
১১. সহকারী পরিচালক (১/২/৪/৫/৬/৭/৮/৯/১০/১১), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. মহাপরিচালকের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৪. প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৫. জনাব.....।
১৬. সংরক্ষণ নথি।


(মো: জাহেদুল কবির খান)
সহকারী পরিচালক